

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ।

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ নভেম্বর, ২০০২/৯ অগ্রহায়ণ, ১৪০৯

এস, আর, ও নং ৩৩২-আইন/২০০২/প্রজেই-৩/ইউপি-৮৩/৯২—যেহেতু পুলিশ, বিডিআর, কোস্ট গার্ড এবং সশস্ত্র বাহিনীসহ প্রতিটি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বর্তমানে আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে দেশব্যাপী যৌথ অভিযানে নিয়োজিত রহিয়াছে; এবং

যেহেতু উক্তরূপ যৌথ অভিযানে নিয়োজিত থাকার কারণে ২০০৩ সালের মার্চ মাসের পূর্বে ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইলে আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালনে নির্বাচন কমিশনকে সহায়তা প্রদান করা সম্ভব হইবে না;

সেহেতু Local Government (Union Parishads) Ordinance, 1983 (Ordinance No. LI of 1983) এর section 23 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২০০৩ সালের ৩১শে মার্চ কিংবা তৎপূর্বে যে সকল ইউনিয়ন পরিষদের মেয়াদ উত্তীর্ণ হইবে সেই সকল ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ২০০৩ সালের ১লা মার্চ হইতে ৩০শে এপ্রিল মেয়াদের মধ্যে পর্যায়ক্রমে অনুষ্ঠানের জন্য নির্ধারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এম, আভোয়ার রহমান
উপ-সচিব (আইন)।

আবদুল মালেক উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৮৪৫)

মূল্য : টাকা ১.০০